



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।



ফোন- ০৩০৩৬-৫৬২৬৬, মোবাইল : ০১৮২৪১০৭১৯০, ই- মেইল : [satkaniagovt.college@yahoo.com](mailto:satkaniagovt.college@yahoo.com)

[www.satkaniagovtcollege.edu.bd](http://www.satkaniagovtcollege.edu.bd), EIIN : 105061

স্মারক নং- সাসক/

তারিখ : ১০.০১.২০২১ খ্রি.

### বিজ্ঞপ্তি

সাতকানিয়া সরকারি কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০২.২০১৯-০৩, তারিখ : ০৫.০১.২০২১ খ্রি. মোতাবেক আগামী ১২.০১.২০২১ তারিখের মধ্যে বিগত ২০২০ সালের অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত স্ব-স্ব বিষয়ের অনলাইন ক্লাসের কার্যক্রমের তথ্য ছক আকারে নিম্ন লিখিত শিক্ষকের নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। জনাব মনছুরুল আলম, প্রভাষক, পদার্থবিদ্যা।

অধ্যক্ষ

সাতকানিয়া সরকারি কলেজ,  
চট্টগ্রাম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০২.২০১৯- ০৬

তারিখ: ০৮/০১/২০২১ খ্রি:

বিষয়: সরকারি কলেজসমূহে (সরকারি আলিয়া মাদরাসা ও টি টি কলেজসহ) অনলাইন ক্লাস, সেমিনার-সিম্পোজিয়াম অনুষ্ঠান ও জার্নাল প্রকাশের তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্র: মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সরকারি কলেজসমূহে (সরকারি আলিয়া মাদরাসা ও টি টি কলেজসহ) অনলাইন ক্লাস, সেমিনার-সিম্পোজিয়াম অনুষ্ঠান ও জার্নাল প্রকাশের তথ্য আগামী ০৭/০১/২০২১ তারিখের মধ্যে ddgovtcollege@gmail.com এ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তথ্যাদি:

- ০১। আপনার প্রতিষ্ঠানে জানুয়ারি-ডিসেম্বর/২০২০ পর্যন্ত কতটি সেমিনার-সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়েছে তা বিভাগ অনুযায়ী উল্লেখ করতে হবে, না হয়ে থাকলে কি কারণে হয়নি তার সুস্পষ্ট কারণ প্রতিবেদন আকারে প্রেরণ করুন।
- ০২। আপনার প্রতিষ্ঠানে কতটি জার্নাল প্রকাশিত হয়েছে এবং প্রকাশ না হয়ে থাকলে উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা তা প্রতিবেদন আকারে প্রেরণ করুন।
- ০৩। আপনার প্রতিষ্ঠানে সর্বশেষ অক্টোবর-নভেম্বর-ডিসেম্বর/২০২০ পর্যন্ত অনলাইন ক্লাস কার্যক্রমের তথ্য প্রদান করুন।
- ০৪। আপনার প্রতিষ্ঠানে জানুয়ারি-জুন/২০২১ এ কতটি সেমিনার-সিম্পোজিয়াম অনুষ্ঠিত হবে তার পরিকল্পনা প্রেরণ করুন।

উল্লেখ্য যে, আপনার প্রতিষ্ঠানে সেমিনার-সিম্পোজিয়ামের আয়োজন করা হলে তা পূর্বে অধিদপ্তরকে অবহিত করতে হবে। স্বাভাবিকভাবে মেনে সেমিনার আয়োজন করতে হবে। সম্ভব না হলে ভার্চুয়ালি আয়োজন করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

(প্রফেসর ড. শাহ মো: আমির আলী-৪৭৪১)

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ৯৫৫৮৫০৫

অধ্যক্ষ

সকল সরকারি কলেজ

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০২.২০১৯- ০৬/০৬

তারিখ: ০৮/০১/২০২১ খ্রি:

বিতরণ ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা:
- ০৩। সহকারী পরিচালক (কলেজ-১/২/৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৪। জনাব -----
- ০৫। পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৬। সংরক্ষণ নথি;